দৈনিক সংবাদ

তারিখ ... 29 MAY 1991 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 6

225

বিভিন্ন সংগঠনের মিছিল

# ক্যাম্পাসে জামায়াত নেতার আগমন ও সন্ত্রাসের নিন্দা

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের আলোচনার নামে ক্যাম্পাসে জামায়াত নেতার আগমনের প্রতিবাদে গতকাল বিভিন্ন সংগঠন বিক্ষোভ মিছিল ও সমাবেশ

ক্যাম্পাস ঃ পৃঃ ৮ কঃ ৭

## ক্যাম্পাস ঃ প্রতিবাদ ও নিন্দা জ্ঞাপন

(১ম পাতার পর)

করে। তারা সন্ত্রাসের বিরুদ্ধেও প্রতিবাদ জানায়।

### ছাত্রলীগ (শা—অ)

আয়োজিত সমাবেশে ছাত্রনেতা গোলাম মোস্তফা সুজন ও কামরুজ্জামান আনসারী বক্তব্য রাখেন।

অপরাজেয় বাংলার পাদদেশে আয়োজিত সমাবেশে নেতৃবৃন্দ ক্যাম্পাসে সন্ত্রাস নিরসনে রাজনৈতিক নেতৃবৃন্দের সাথে বৈঠকের নামে জামায়াত-শিবিরের পুনর্বাসনের ষড়যন্ত্রের নিন্দা করেন এবং সরকার ও উপাচার্যকে দায়ী করেন। নেতৃবৃন্দ জামায়াত নেতার আগমনকে কেন্দ্র করে উদ্ভূত পরিস্থিতির তদন্তের জন্য তদন্ত কমিটি গঠনেরও প্রতিবাদ করেন এবং তা প্রত্যাহারের দাবী জানান।

### ছাত্রদল

জাতীয় নেতৃবৃন্দের বৈঠক বানচালের লক্ষ্যে পরিচালিত সন্ত্রাসী হামলার প্রতিবাদে পূর্বঘোষিত কর্মসূচী অনুযায়ী জাতীয়তাবাদী ছাত্রদল গতকাল ক্যাম্পাসে বিক্ষোভ মিছিল ও প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

অপরাজেয় বাংলার পাদদেশে ছাত্রনেতা হাবিবুন্নবী সোহেলের সভাপতিত্বে আয়োজিত সমাবেশে ডাকসু জি, এস খায়রুল কবির খোকন, এ জি, এস নাজিম উদ্দিন আলম ও আলী আক্কাস নাদিম বক্তব্য রাখেন।

সমাবেশে সন্ত্রাসী ঘটনার নিন্দা করে খায়রুল কবির খোকন বলেন, একজন ব্যক্তির আগমনের প্রতিবাদ অবশ্যই করা যেতে পারে, কিন্তু তা সন্ত্রাসের মাধ্যমে নয়।

সন্ত্রাস কখনোই গণতান্ত্রিক মূল্যবোধ সমর্থন করে না। তিনি অবিলম্বে উক্ত ঘটনার সাথে জড়িতদের দৃষ্টান্তমূলক শাস্তি ও বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কার দাবী করেন।

এ ছাড়া ক্যাম্পাসে জামায়াত নেতার আগমনের প্রতিবাদে পৃথক পৃথকভাবে জাতীয় ছাত্রলীগ আয়োজিত সমাবেশে ছাত্রনেতা এস এম কামাল হোসেন ও পংকজ নাথ, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট আয়োজিত সমাবেশে ছাত্রনেতা রাজেকুজ্জামান রতন, বাংলাদেশ ছাত্র ইউনিয়ন আয়োজিত সমাবেশে ছাত্রনেতা ভাস্কর চন্দ ও বাংলাদেশ ছাত্রমৈত্রী আয়োজিত সমাবেশে সংগঠনের নবনির্বাচিত সভাপতি নূর আহমেদ বকুল ও শামীমুন ইসলাম শিমুল এবং জিয়াউল হক জিয়া বক্তব্য রাখেন।

### শিবির

ক্যাম্পাসে জামায়াত নেতার ওপর হামলার প্রতিবাদে ইসলামী ছাত্রশিবির গতকাল জাতীয় প্রেস-ক্লাবের সামনে এক প্রতিবাদ সমাবেশের আয়োজন করে।

সংগঠনের সভাপতি মুহাম্মদ আমিনুল ইসলামের সভাপতিত্বে আয়োজিত সমাবেশে শিবির নেতা মনসুর আহমদ, মুজিবুর রহমান, আমিনুর রহমান, আবদুল হাকিম প্রমুখ বক্তব্য রাখেন।

সমাবেশে মুহাম্মদ আমিনুল ইসলাম সন্ত্রাস দমনে ভিসি ও কর্তব্যরত পুলিশের ব্যর্থতার নিন্দা করে বলেন, দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সরকার শান্তিপূর্ণ পরিবেশ বজায় রাখতে চান কিনা তা দেশবাসীর কাছে পরিষ্কার নয়।

### নিন্দা ও দুঃখ প্রকাশ

বিভিন্ন ব্যক্তি ও সংগঠন গতকাল পৃথক পৃথক বিবৃতিতে ক্যাম্পাসে সন্ত্রাসী ঘটনার নিন্দা ও দুঃখ প্রকাশ করেছেন।

জাতীয় পার্টির ভারপ্রাপ্ত চেয়ার-ম্যান ব্যারিস্টার মওদুদ আহমদ এক বিবৃতিতে এ হামলার ঘটনাকে অতি নিন্দনীয় বলে আখ্যায়িত করে বলেন, যারা এর জন্য দায়ী তাদের নিন্দা জ্ঞাপনের ভাষা আমাদের জানা নেই।

তিনি বলেন, আমাদের সকলকে ঐক্যবদ্ধভাবে এই হামলার নিন্দা করতে হবে এবং সকলে সম্মিলিত-ভাবে রাজনৈতিক শক্তি দিয়ে জাতিকে এই প্রতিহিংসার বিষময় পরিণতি থেকে রক্ষা করতে হবে।

যে সব সংগঠন নিন্দা করেছে তাদের মধ্যে রয়েছে জাতীয় অভিভাবক সমিতি, ন্যাশনাল ডেমোক্রেটিক পার্টি, জাতীয় ছাত্রফ্রন্ট, ইসলামী ব্যাংক কর্মচারী কল্যাণ ইউনিয়ন, বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি, জাতীয় ফ্রন্ট, জাতীয়তাবাদী গণতান্ত্রিক চাষী দল, বাংলাদেশের সাম্যবাদী দল ও বিপ্লবী ছাত্র আন্দোলন।

এদিকে বিবদমান দু'টি ছাত্র সংগঠনের মধ্যে সশস্ত্র সংঘর্ষের পর ঢাকা বিশ্ববিদ্যালয়ের হলগুলোতে পক্ষকালব্যাপী বিরাজমান অস্থিতিশীল পরিস্থিতি এখনও অপরিবর্তিত রয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ৫২ জন শিক্ষক এক যুক্ত বিবৃতিতে বিশ্ববিদ্যালয়ের পবিত্র অঙ্গনে জামাত-শিবির পুনর্বাসনের চক্রান্তের নিন্দা করে বলেছেন, এর ফলে যে অনভিপ্রেত ঘটনার সৃষ্টি করা হয়েছে তার সমস্ত দায়দায়িত্ব উপাচার্যকেই বহন করতে হবে।

বিবৃতিতে অগণিত শহীদ শিক্ষক বুদ্ধিজীবীর রক্তে যাদের হাত রঞ্জিত সেই স্বাধীনতাবিরোধী ও মানবতার দুশমন পাক-হানাদার বাহিনীর দোসর রাজাকার-আলবদর-জামাত-শিবির চক্রকে বিশ্ববিদ্যালয়ের পবিত্র অঙ্গনে প্রবেশের ঘৃণ্য চক্রান্তের প্রতিবাদ করে বলা হয় মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধে যেকোন ষড়যন্ত্র হোক না কেন বিশ্ববিদ্যালয়ের সকল পর্যায়ের সচেতন ব্যক্তিবর্গ সম্মিলিতভাবে তা প্রতিহত করবে।

বিবৃতিতে স্বাক্ষরদাতাদের মধ্যে রয়েছেন কে,এম সাদ উদ্দিন, আহসানুল হক, আরেফিন সিদ্দিক, মুনতাসীর মামুন, হারুন-অর রশিদ, এ,বি,এম খালেদ, আবদুল মান্নান চৌধুরী প্রমুখ।